

বোধ পরীক্ষণ:

অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

এক ঘন বনে একটি হিংস্র সিংহ বাস করত। সে প্রতিদিন বনের অনেক পশু শিকার করত। সব পশু সিংহের ভয়ে খুব চিন্তায় ছিল। তারা সিংহের কাছে গিয়ে বলল প্রতিদিন একটি করে পশু সিংহের কাছে যাবে। একদিন একটি ছোট খরগোশের পালা এল। সে ইচ্ছে করে একটু দেরি করে সিংহের কাছে গেল। সিংহ জিজ্ঞাসা করলে খরগোশ বলল রাস্তার ধারে যে কুয়ো আছে সেখানে আরেকটি সিংহ থাকে, সেই সিংহটি তার পথ আটকে ছিল। এই কথা শুনে সিংহ খুব রেগে গেল। তারপর সে খরগোশকে নিয়ে কুয়োর কাছে গেল। কুয়োর জলে নিজের ছায়া দেখে সিংহ সেটিকে অন্য সিংহ ভেবে নিল। রাগে সিংহ কুয়োর মধ্যে ঝাঁপিয়ে পড়ল। এইভাবে ছোট খরগোশটি বুদ্ধি দিয়ে নিজের এবং বনের পশুদের প্রাণ বাঁচালো।

১) সিংহ কুয়োর জলে কী দেখেছিল?

ক) একটি মাছ

খ) নিজের ছায়া

গ) একটি পাখি

ঘ) একটি ব্যাঙ

২) গল্পটি থেকে আমরা কী শিখি?

ক) বুদ্ধি দিয়ে বিপদ থেকে রক্ষা পাওয়া যায়।

খ) সব সময় ভয় পেতে হয়।

গ) শক্তিই সবকিছু।

ঘ) বুদ্ধি থাকলে বিপদ থেকে রক্ষা পাওয়া যায় না।

৩) খরগোশের বুদ্ধিতে কারা রক্ষা পেল?

ক) শুধু খরগোশ

খ) শুধু সিংহ

গ) খরগোশ এবং বনের অন্যান্য পশুরাও

ঘ) শুধু পাখিরা

৪) সিংহ কেন কুয়োঁর মধ্যে ঝাঁপ দিয়েছিল?

ক) জল খেতে

থ) মাছ ধরতে

গ) অন্য সিংহকে ধরতে

ঘ) খরগোশকে বাঁচাতে

৫) সিংহ কুয়োর জলে কাকে দেখেছিল বলে মনে করেছিল?

ক) নিজের মতো আরেকটি সিংহ

খ) একটি খরগোশ

গ) একটি বাঘ

ঘ) একটি হরিণ